

জবি বি ইউনিটের ভর্তি পরীক্ষার তারিখ পরিবর্তন

জবি প্রতিনিধি

১৭ নভেম্বর ২০২৫, ০৯:১৩ পিএম



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে স্বরস্বতী পূজার কারণে ২০২৫-২৬ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) ও বিবিএ প্রথম বর্ষের ভর্তি পরীক্ষার বি ইউনিটের পরীক্ষার তারিখ পরিবর্তন করে বিজ্ঞপ্তি দিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

সোমবার (১৭ নভেম্বর) উপাচার্যের অনুমোদনক্রমে রেজিস্ট্রার অধ্যাপক ড. মো. শেখ গিয়াস উদ্দিনের (ভারপ্রাপ্ত) স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এটি জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, ইউনিট 'বি' কলা ও আইন অনুষদ পরীক্ষা ৩০ জানুয়ারি (শুক্রবার) বিকাল ৩টা ৩০ মিনিট থেকে ৪টা ৩০ মিনিট পর্যন্ত অনুষ্ঠিত হবে।

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, গত ৫ নভেম্বর প্রকাশিত ভর্তি বিজ্ঞপ্তিতে ঘোষিত জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের বি ইউনিটের পরীক্ষা ২০২৬ সালের ২৩ জানুয়ারি (শুক্রবার) সরস্বতী পূজা হওয়ায় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ভর্তি কমিটি (২০২৫-২০২৬)-এর ১৬ নভেম্বর সভার সিদ্ধান্ত মোতাবেক উক্ত পরীক্ষার তারিখ ও সময় নিম্নরূপভাবে পুনর্নির্ধারণ করা হলো। তবে পূর্বে প্রকাশিত বিজ্ঞপ্তির অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকবে।

এর আগে, ই-ইউনিটের (চারুকলা অনুষদ) এর পরীক্ষা ১৩ ডিসেম্বর (শনিবার) বেলা ৩টা থেকে ৪টা ৩০ মিনিট; এ-ইউনিটের (বিজ্ঞান ও লাইফ অ্যান্ড আর্থ সায়েন্স অনুষদ) পরীক্ষা ২৬ ডিসেম্বর (শুক্রবার) বেলা ১১টা থেকে দুপুর ১২টা; সি-ইউনিটের (বিজনেস স্টাডিজ অনুষদ) পরীক্ষা ২৭ ডিসেম্বর (শনিবার) বেলা ১১টা থেকে দুপুর ১২টা; ডি-ইউনিটের (সামাজিক বিজ্ঞান অনুষদ) পরীক্ষা ৯ জানুয়ারি (শুক্রবার) বেলা ১১টা থেকে দুপুর ১২টা; বি-ইউনিটের (কলা ও আইন অনুষদ) পরীক্ষা ২৩ জানুয়ারি (শুক্রবার) বেলা ১১টা থেকে দুপুর ১২টা পর্যন্ত অনুষ্ঠিত হবে বলে জানানো হয়।



স্মারক নং: জবি/প্রশা/ভর্তি: ২০২৫-২০২৬/ ৪২৬


তারিখ: ১৭ নভেম্বর, ২০২৫ ইং

বিজ্ঞপ্তি

গত ০৫/১১/২০২৫ তারিখের প্রকাশিত ভর্তি বিজ্ঞপ্তিতে ঘোষিত জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের ইউনিট-B এর পরীক্ষা ২৩ জানুয়ারি, ২০২৬ তারিখ শুক্রবার সন্ধ্যা পূজা হওয়ার জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ভর্তি কমিটি (২০২৫-২০২৬) - এর ১৬/১১/২০২৫ খ্রি: তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক উক্ত পরীক্ষার তারিখ ও সময় নিম্নরূপভাবে পুনর্নির্ধারণ করা হলো। তবে পূর্বে প্রকাশিত বিজ্ঞপ্তির অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকবে।

ইউনিট/অনুঘদ	পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার তারিখ	বার	পরীক্ষার সময়
ইউনিট-B কলা ও আইন অনুঘদ	৩০/০১/২০২৬	শুক্রবার	বিকাল ০৩.৩০টা হতে ০৪.৩০টা পর্যন্ত

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে,



১৭/১১/২০২৫
(অধ্যাপক ড. মোঃ শেখ মিয়াস উদ্দিন)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

স্মারক নং: জবি/প্রশা/ভর্তি: ২০২৫-২০২৬/ ৪২৬

তারিখ: ১৭ নভেম্বর, ২০২৫ ইং

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরিত হলো:

১. ছেপুটি রেজিস্ট্রার ও পিএস টু জিসি, উপাচার্য দপ্তর, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য);
২. ছেপুটি রেজিস্ট্রার, ছাত্রাবাস দপ্তর, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা (ছাত্রাবাস মহোদয়ের সদয় অবগতির জন্য);
৩. অফিস/সংরক্ষণ নথি।


১৭.১১.২৫
(মোঃ মেজবাহুদ দারাইন)
ছেপুটি রেজিস্ট্রার (একাডেমিক)